

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৯২

الكتاب الجنائز عن رسول الله ﷺ) ১٥/ কাফন-দাফন

পরিচ্ছেদঃ মায়্যিতের জন্য মিশক আম্বর ব্যবহার করা।

باب فِي مَا جَاءَ فِي الْمِسْكِ لِلْمَيِّتِ

#### আরবী

حَدَّتَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ، حَدَّتَنَا أَبِي، عَنْ شُعْبَةَ، عَنْ خُلَيْدِ بْنِ جَعْفَرٍ، عَنْ أَبِي نَضْرَةَ، عَنْ أَبِي سَعِيدٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم سُئِلَ عَنِ الْمِسْكِ فَقَالَ " هُوَ أَطْيَبُ طِيبِكُمْ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ وَقَدْ كَرِهَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ الْمِسْكَ لِلْمَيّتِ . قَالَ وَقَدْ رَوَاهُ الْمُسْتَمِنُ بَنُ الرَّيَّانِ أَيْضًا عَنْ أَبِي نَضْرَةَ عَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . قَالَ بَنُ الرَّيَّانِ أَيْضًا عَنْ أَبِي نَضْرَةً عَنْ أَبِي سَعِيدٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . قَالَ عَلِيُّ قَالَ يَحْيَى خُلَيْدُ بْنُ جَعْفَرٍ ثِقَةٌ . عَلِيًّ قَالَ يَحْيَى خُلَيْدُ بْنُ جَعْفَرٍ ثِقَةٌ .

#### বাংলা

৯৯২. সুফইয়ান ইবনু ওয়াকী (রহঃ) ...... আবূ সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে মিশক আম্বর সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বললেন, এ হলো তোমাদের সুগন্ধিগুলোর মধ্যে সর্বোত্তম। - মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৯২ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রাঃ) বলেন, হাদিসটি হাসান-সহীহ্। কতক আলিম এতদনুসারে আমল করেছেন। এ হলো আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। কোন কোন আলিম মুর্দার জন্য মিশক আম্বর ব্যবহার করা মাকরহ বলে মনে করেন। আল-মুসতামির ইবনুল রায়্যানও এই হাদিসটি আবূ নাযরা- আবূ সাঈদ -সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। আলী (রহঃ) বলেন, ইয়াহ্ইয়া ইবনু সাঈদ (রহঃ) বলেছেন, আল-মুসতামির ইবনুর রায়্যান ছিকা ও নির্ভরযোগ্য এবং খুলায়দ ইবনু জা'ফারও নির্ভরযোগ্য রাবী।

### **English**

Abu Sa'eed narrated that:

The Prophet was asked about musk and he said: "It is the best of your



## perfumes."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন